



“দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০  
e-mail: dmss@dgfood.gov.bd  
web: www. dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৩৪৭

তারিখ : ২৬/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় : সড়ক পথে বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর ১৬৫৩০ মেটন আতপ চালের চলাচল সূচি।

সূত্র : চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৩/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ১৩.১৬.০০০০.০০৫.৫০.০০১.১৭.৩১৮০ নং স্মারক।

বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর অধীনে আগত MV. DAYTONA BEACH জাহাজ খালাসের নিমিত্তে সড়ক পথে মোট ১৬৫৩০ মেটন আতপ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রয়োজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না এবং অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে সূচি বর্হিভূত কোন কেন্দ্রে খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। প্রতি ট্রাক প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৫। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময় পাঠাতে হবে।
- ৬। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কেন্দ্র থেকে বিনির্দেশ বর্হিভূত/নিম্নমানের চাল প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স মারফতে অধিদপ্তরকে প্রেরণ করতে হবে।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১১। এই সূচির মেয়াদ আগামী ০৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। নৌ পথে মালামাল পরিবহণের ক্ষেত্রে পানির স্পর্শ বা অন্য কোন কারণে সংঘটিত হতে পারে এমন ক্ষয়ক্ষতির হাত হতে সরকারি মজুতকে রক্ষার জন্য ঠিকাদারের সরবরাহ করা জলযান সার্বিকভাবে পরিবহণের উপযুক্ত হতে হবে। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত জলযানের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ফিটনেস ও সার্ভে সার্টিফিকেট থাকতে হবে।

খাদ্য

প্রাপক : চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য),  
চট্টগ্রাম।

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ২৬/০৪/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৩৪৭(১)/২০

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।
- ৮। অফিস কপি।


চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

২৬.০৪.১৮

সড়ক পথে আতপ চালের চলাচল সূচি :

ক্রঃ নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মেটন)	মাধ্যম	পণ্য	মন্তব্য
১.	চট্টগ্রাম বন্দর/চট্টগ্রাম সাইলো জেটি	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	৬৫০০	সড়ক	আতপ চাল	চসনি চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন।
২.	এ	এ	হালিশহর "	৭০৩০	এ	এ	এ
৩.	এ	কক্সবাজার	কক্সবাজার এলএসডি	১০০০	এ	এ	এ
৪.	এ	এ	উখিয়া "	১০০০	এ	এ	এ
৫.	এ	এ	টেকনাফ "	৫০০	এ	এ	এ
৬.	এ	এ	রামু "	৫০০	এ	এ	এ
			মোট	১৬৫৩০			

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



উপ-পরিচালক (সংস্করণ)  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

২৬.০৪-১৬